



## মোবাইল ফোনের মাধ্যমে অসংক্রামক রোগের ঝুঁকি সম্পর্কে তথ্য সংগ্রহ

### গবেষণার প্রেক্ষাপট এবং উদ্দেশ্য

নিম্ন এবং মধ্য আয়ের দেশগুলোতে অসংক্রামক রোগসমূহ বেড়েই চলেছে, বিশ্বের অসংক্রামক রোগজনিত মৃত্যুর প্রায় ২৮ মিলিয়ন (৭৫%) মৃত্যুই হয় এই দেশগুলোতে। শারীরিক পরিশ্রম না করা, সুস্বাদু খাবার না খাওয়া, মদ পান, ধূমপান এবং তামাকের ব্যবহার ইত্যাদি অভ্যাস এ সমস্ত রোগের ঝুঁকি বাড়ায়। অসংক্রামক রোগের ঝুঁকি কমানো ও নিয়ন্ত্রণ করার জন্য এ বিষয়ক নীতি নির্ধারক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সময়োপযোগী ও সঠিক তথ্য পাওয়া জরুরী। সাধারণত ঐসকল তথ্য বাড়ি বাড়ি যেয়ে জরিপের মাধ্যমে করা হয়ে থাকে, যা সময় এবং খরচের হিসাবে অনেক ব্যয়বহুল হওয়ায় সব সময় করা সম্ভব হয় না, কয়েক বছর পর পর করতে হয়।

বর্তমান সময়ে মোবাইল ফোন ব্যবহারকারীর সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি আমাদেরকে বাড়িতে না যেয়েও সমাজের সকল স্তরের মানুষের সাথে সরাসরি যোগাযোগ স্থাপনের সুযোগ করে দিয়েছে; যা অসংক্রামক রোগ বিষয়ক স্বাস্থ্য ঝুঁকি সম্পর্কে ব্যক্তিগত পর্যায়ের তথ্য সংগ্রহের পথ সহজ করেছে। উন্নত বিশ্বের অনেক দেশের মত বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (IEDCR) ২০১২ সাল থেকে মোবাইল ফোন ভিত্তিক রোগ নিরীক্ষা কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্য এবং সংশ্লিষ্ট আচরণগত তথ্য সংগ্রহ করে চলেছে যা জনস্বাস্থ্য উন্নয়নমূলক কার্যক্রমকে সমৃদ্ধ করে আসছে। এই দীর্ঘ সময়ে মোবাইল ফোনের মাধ্যমে ইতোমধ্যে জনগণের সংক্রামক ও অসংক্রামক রোগ, প্রজনন স্বাস্থ্য, খাদ্য ও পানি বাহিত রোগ, রোগীর ফলো-আপ, ইত্যাদি বিভিন্ন স্বাস্থ্য ও সংশ্লিষ্ট অবস্থা সম্পর্কিত জরিপ পরিচালিত হয়েছে। আইইডিসিআর এ সমস্ত কার্যক্রমে IANFI, UNFPA, UNICEF, FAO, Bloomberg Philanthropies, BMGF, JHU, LSTMH, BTRC, ও সকল মোবাইল অপারেটর, ইত্যাদি প্রতিষ্ঠানকে বিভিন্ন সময়ে কার্যক্রমে সহযোগী হিসাবে পেয়েছে।

এরই ধারাবাহিকতায় আইইডিসিআর আগামী চার মাস সময়ের মধ্যে অসংক্রামক রোগ সম্পর্কিত স্বাস্থ্য ঝুঁকি বিষয়ে তথ্য নেয়ার জন্য কয়েকটি কার্যক্রম পরিচালনার পরিকল্পনা করেছে -

১। বিশ্ব স্বাস্থ্য সংস্থার স্টেপস কার্যক্রমের অনুকরণে র্যানডম ডিজিট ডায়ালিং পদ্ধতিতে বাংলাদেশের আট বিভাগের বিভিন্ন জেলার ১৮ বছরের বেশি বয়সী নাগরিক, যাদের মোবাইল ফোন আছে তাদের কাছ থেকে মোবাইল ফোনের মাধ্যমে অসংক্রামক রোগ সম্পর্কিত স্বাস্থ্য ঝুঁকি বিষয়ে তথ্য নেয়ার জন্য "মোবাইল ফোনের মাধ্যমে অসংক্রামক রোগের ঝুঁকি সম্পর্কে তথ্য সংগ্রহ" কার্যক্রম শুরু করেছে। এই কার্যক্রম জনস্বাস্থ্য হপকিন্স বিশ্ববিদ্যালয়ের ব্রুমবার্গ স্কুল অব পাবলিক হেলথ এর সহযোগীতায় আইইডিসিআর ০৯ নভেম্বর, ২০২৩ থেকে পরিচালনা করছে। এই কার্যক্রমে ২০২২ সালে সাড়া বাংলাদেশে পরিচালিত মুখোমুখি জরিপ কার্যক্রমের মত অন্ততঃ সাত হাজার ছয়শত আশি জন মানুষের কাছ থেকে ফোন করে অসংক্রামক রোগের ঝুঁকি সম্পর্কে তথ্য সংগ্রহ করা হবে, এবং মোবাইল ফোনের মাধ্যমে গৃহীত তথ্যের তুলনামূলক বৈধতা এবং নির্ভরযোগ্যতা যাঁচাইয়ের চেষ্টা করা হবে।

২। এছাড়া আইইডিসিআর ঢাকার একটি উপজেলার গ্রাম ও শহর এলাকা থেকে কমপক্ষে নয়শত ষাট জন ১৮ বছরের বেশি বয়সী নাগরিক, যাদের মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করা যাবে তাদের সম্মতি সাপেক্ষে প্রথমে মুখোমুখি জরিপ (face to face), তারপর ফোনের মাধ্যমে সাক্ষাৎকারগ্রহণকারী পরিচালিত জরিপ (CATI) এবং সর্বশেষে ফোনের মাধ্যমে কম্পিউটার পরিচালিত জরিপ (IVR) করা হবে। উল্লেখ্য যে, এই তিনটি জরিপে একই জনগোষ্ঠীর কাছ থেকে একই রকম প্রশ্নমালা ব্যবহার করে নির্দিষ্ট সময় পর পর তিনভাবে তথ্য সংগ্রহ করা হবে এবং আহরিত তথ্যের বৈধতা এবং নির্ভরযোগ্যতা যাঁচাইয়ের চেষ্টা করা হবে।

আরও উল্লেখ্য যে, ১৮ বছরের বেশি বয়সী সকল বাংলাদেশী নাগরিক যাদের, অন্তত একটি চালু মোবাইল ফোন আছে (নিজের অথবা পরিবারের যেটা তিনি ব্যবহার করতে পারেন) এবং এই জরিপে অংশগ্রহণে সম্মত হবেন, শুধুমাত্র তারাই এই গবেষণায় অংশগ্রহণ করতে পারবেন। আহরিত তথ্য সামষ্টিকভাবে প্রকাশিত হবে, তবে অংশগ্রহণকারীগণের পরিচয় কোথাও প্রকাশ করা হবে না। স্বাস্থ্য সংক্রান্ত আহরিত মূল্যবান তথ্য জনস্বার্থে ব্যবহৃত হবে। এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

গবেষণা সংশ্লিষ্ট যেকোন অনুসন্ধান যোগাযোগঃ

**ইকবাল আনসারী খান, সেল- ০১৭৩০৩২৮৯৯৪, ইমেইল- iqbalansary@gmail.com**